



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
www.dshe.gov.bd



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৫.৯৯.০০৯.২০১৯/ ১৬ ২৬/ন

তারিখ: ১২/০৬/২০২২খ্রি.

বিষয়: ৩০.১২.২০১৫ তারিখে জারীকৃত পত্রে এনটিআরসিএ এর সুপারিশ ব্যতীত কোনো শিক্ষক নিয়োগ প্রদান বন্ধ হয়ে যাবার পূর্বে জারীকৃত বিজ্ঞপ্তির মাধ্যমে মন্ত্রণালয়ের শর্ত মোতাবেক ২০১৬ সাল পর্যন্ত নিয়োগকৃত তৃতীয় শিক্ষকদের এমপিওভুক্তির আবেদন সম্পর্কে তথ্যাদি প্রেরণ।

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের পত্র নং- ৩৭.০০.০০০০.০৭৪.০০২.০০১.২০১৭.১২৮; তারিখ: ০১/০৬/২০২২খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের সূত্রস্থ পত্র মোতাবেক প্রেরিত পত্রে ৩০.১২.২০১৫ তারিখে জারীকৃত পত্রে এনটিআরসিএ এর সুপারিশ ব্যতীত কোনো শিক্ষক নিয়োগ প্রদান বন্ধ হয়ে যাবার পূর্বে জারীকৃত বিজ্ঞপ্তির মাধ্যমে মন্ত্রণালয়ের শর্ত মোতাবেক ২০১৬ সাল পর্যন্ত নিয়োগকৃত তৃতীয় শিক্ষকদের এমপিওভুক্তির আবেদন সম্পর্কে তথ্যাদি প্রেরণ করার জন্য শিক্ষা মন্ত্রণালয় হতে অনুরোধ করা হয়েছে।


এমতাবস্থায়, ৩০.১২.২০১৫ তারিখে জারীকৃত পত্রে এনটিআরসিএ এর সুপারিশ ব্যতীত কোনো শিক্ষক নিয়োগ প্রদান বন্ধ হয়ে যাবার পূর্বে জারীকৃত বিজ্ঞপ্তির মাধ্যমে মন্ত্রণালয়ের শর্ত মোতাবেক ২০১৬ সাল পর্যন্ত নিয়োগকৃত তৃতীয় শিক্ষকদের এমপিওভুক্তির আবেদন সম্পর্কে তথ্যাদি নিম্নবর্ণিত ছক মোতাবেক ১৫/০৬/২০২২খ্রি. তারিখের মধ্যে জেলা ভিত্তিক তালিকা প্রণয়নপূর্বক Word Copy এবং PDF Copy (নিকোশ ফন্টে) প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

#### তথ্য প্রেরণের ছক

ক্র. নং	প্রতিষ্ঠানের নাম	শিক্ষকের নাম	বিষয়	প্রাপ্যতা ছিল কি না	নিয়োগ সিদ্ধান্তের তারিখ	বাছাই কমিটি গঠনের তারিখ	পত্রিকায় বিজ্ঞপ্তির তারিখ	পরীক্ষা গ্রহণের তারিখ	পরীক্ষা কমিটির নম্বরপত্র	গভর্নিং বডির অনুমোদনের তারিখ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১

#### শর্ত সমূহ :-

- (১) শিক্ষা প্রতিষ্ঠানটির ডিগ্রি স্তর এমপিওভুক্ত থাকতে হবে;
  - (২) নীতিমালা অনুযায়ী ৩য় শিক্ষকের নিয়োগকালীন কাম্য যোগ্যতা থাকতে হবে এবং বিধি মোতাবেক নিয়োগ প্রাপ্ত হয়ে কর্মরত থাকতে হবে;
  - (৩) শিক্ষা মন্ত্রণালয়ের ১৯ অক্টোবর ২০১৬ তারিখের ৩৭.০০.০০০০.০৭৩.০৮.০০৬. ১৬- ৩৫৪ নং পত্রের নির্দেশনা অনুযায়ী ৩১/১২/২০১৬ তারিখের মধ্যে নিয়োগপ্রাপ্ত তৃতীয় শিক্ষক হতে হবে;
  - (৪) ৩য় শিক্ষক নিয়োগ করা হয়নি এমন প্রতিষ্ঠানে নতুনভাবে কোন ৩য় শিক্ষক নিয়োগ করা যাবে না;
  - (৫) কলেজে নিয়োগ থেকে নিরবিচ্ছিন্নভাবে ও ধারাবাহিকভাবে কর্মরত থাকতে হবে;
  - (৬) নিয়োগ প্রক্রিয়ার কাগজ-পত্রে স্নাতক (পাস) স্তরে ৩য় শিক্ষক হিসেবে নিয়োগের প্রমাণক থাকতে হবে;
  - (৭) অনার্স-মাস্টার্স পর্যায়ের কোন শিক্ষকের প্রেরণ করা যাবে না। স্নাতক (পাস) পর্যায়ের তৃতীয় শিক্ষক ব্যতীত অন্য কোন শিক্ষকের নাম প্রেরণ করা যাবে না।
  - (৮) নিয়োগ নিষেধাজ্ঞা থাকায় সদ্য সরকারিকৃত কোন কলেজের ৩য় শিক্ষককে এমপিওভুক্ত করা যাবে না;
  - (৯) সংশ্লিষ্ট বিষয়ে জাতীয় বিশ্ববিদ্যালয়ের হালনাগাদ অধিভুক্তি থাকতে হবে;
  - (১০) প্রযোজ্য ক্ষেত্রে এন.টি.আর.সি.এর সনদ থাকতে হবে;
  - (১১) উল্লেখিত শর্ত সমূহ অমান্য করে কোনো নামের তালিকা প্রেরণ করা হলে অধ্যক্ষ ও সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে;
  - (১২) আঞ্চলিক কার্যালয়সমূহ কর্তৃক তাদের স্ব-স্ব অধিক্ষেত্রের কলেজ সমূহ থেকে প্রেরিত ৩য় শিক্ষকের তালিকা যথাযথভাবে যাচাই পূর্বক নিশ্চিত হওয়া সাপেক্ষে নিজস্ব দপ্তরে জেলা ভিত্তিক তালিকা প্রণয়ন করে মাউশি অধিদপ্তরে পাঠাতে হবে। কলেজ থেকে প্রেরিত তালিকা সরাসরি মাউশি অধিদপ্তরে পাঠানো যাবে না;
  - (১৩) নির্ধারিত সময়ের মধ্যে কলেজ থেকে আঞ্চলিক পরিচালকের কার্যালয়ে শিক্ষকদের নামের তালিকা প্রেরণ না করলে পরবর্তীতে কোন দাবি গ্রহণ করা হবে না;
- বি.দ্র. কলেজ থেকে সরাসরি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে কোন শিক্ষকের নাম প্রেরণ করা যাবে না। স্ব স্ব আঞ্চলিক পরিচালকের কার্যালয়ে শিক্ষকের নামের তালিকা প্রেরণ করতে হবে।

  
(প্রফেসর মোঃ শাহেদুল খবির চৌধুরী)  
পরিচালক (কলেজ ও প্রশাসন)  
ফোন নং-৯৫৫৪৫৬৫

পরিচালক  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, আঞ্চলিক কার্যালয় (সকল)

